

গবেষণার জন্য বুয়েট শিক্ষকরা পেলেন ২ কোটি টাকা



ছবি: সমকাল

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ১৮ ফেব্রুয়ারি ২০২৪ | ০১:৫১



উদ্ভাবনী গবেষণা প্রকল্প পরিচালনা এবং শিল্পের সঙ্গে সহযোগিতা বৃদ্ধির উদ্দেশ্যে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষকদের ২ কোটি টাকা গবেষণা অনুদান দেওয়া হয়েছে। শনিবার বিশ্ববিদ্যালয়ের ইসিই ভবনের সেমিনার কক্ষে ‘অভ্যন্তরীণ গবেষণা অনুদান প্রদান এবং গবেষণা প্রদর্শনী’ শীর্ষক অনুষ্ঠানে এ অনুদান প্রদান করা হয়।

বুয়েটের রিসার্চ অ্যান্ড ইনোভেশন সেন্টার ফর সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (রাইজ) অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদারের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী কার্যালয়ের এসডিজিবিষয়ক প্রধান সমন্বয়কারী আখতার হোসেন। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক জি এস এম জাফরুল্লাহ ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সদস্য অধ্যাপক হাসিনা খান। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিবিএল গ্রুপের

ব্যবস্থাপনা পরিচালক এম এ জব্বার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য ও ধন্যবাদ জ্ঞাপন করেন রিসার্চ অ্যান্ড ইনোভেশন সেন্টার ফর সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের পরিচালক অধ্যাপক মুহাম্মদ আনিসুজ্জামান তালুকদার।

২০২১-২২ অর্থবছরে বাইরে থেকে বুয়েটের গবেষণার জন্য সর্বোচ্চ অনুদান আনায় অনুষ্ঠানে বিভাগ বা ইনস্টিটিউট ক্যাটেগরিতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং শিক্ষকরা ক্যাটেগরিতে বুয়েট অধ্যাপক মো. এহসান ও অধ্যাপক মুহাম্মদ আনিসুজ্জামান তালুকদারকে ক্রেস্ট প্রদান করা হয়। অন্যদিকে, ২০২২-২৩ অর্থবছরে সর্বোচ্চ অনুদান আনায় পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউট এবং কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ; বুয়েটের অধ্যাপক এ কে এম সাইফুল ইসলাম ও অধ্যাপক মুশফিকুস সালেহীনকে ক্রেস্ট প্রদান করা হয়।



বুয়েট রাইজের মাধ্যমে বুয়েটের শিক্ষকদের কাছ থেকে ২০২৩ সালে গবেষণা প্রস্তাবনা আহ্বান করে। এতে ২৯টি গবেষণা প্রস্তাবনা জমা পড়ে। সেখান থেকে বাছাই করে সময় উপযোগী, চতুর্থ শিল্পবিপ্লব মোকাবিলায় সহায়ক ১২টি প্রকল্পে অর্থায়ন করা হয়।